দৈনিক বাংলা

তারিখ ... 04 JUN 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৬

34

# ২০ জুন প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদের পরীক্ষা

সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকপদে প্রার্থী নির্বাচনের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২০ জুন সকাল ১০টায় দেশের ৬১টি জেলা সদরে (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলা ব্যতীত) অনুষ্ঠিত হবে। উক্ত নিয়োগ পরীক্ষায় ৩১৩১৪৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।

প্রত্যেক জেলা ও মহানগরে পরীক্ষা পরিচালনার জন্য জেলা প্রশাসকের সভাপতিত্বে ছয় সদস্য বিশিষ্ট একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। পরীক্ষা পরিচালনার নিয়ম ও নির্দেশনা সংবলিত নীতিমালার আলোকে জেলা কমিটি প্রার্থীদের প্রাপ্ত আবেদনসমূহ বাছাইকরণ, বৈধ প্রার্থীগণ বরাবরে প্রবেশপত্র ইস্যুকরণ, পরীক্ষা কেন্দ্র স্থাপন, পরীক্ষার্থীদের আসন ব্যবস্থার আয়োজন, পরীক্ষা পরিচালনা ও পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ, প্রশ্নপত্র গ্রহণ, উহা নিরাপদ হেফাজতে সংরক্ষণ, পরীক্ষা শেষে উত্তরপত্রসমূহ নিরাপদে অধিদফতরে প্রেরণ এবং আইন-শৃঙ্খলা রক্ষাসহ শান্তিপূর্ণভাবে পরীক্ষা পরিচালনার যাবতীয় দায়িত্ব পালন করবে। খবর তথ্য বিবরণীর।

তাছাড়া কেন্দ্রীয়ভাবে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালককে চেয়ারম্যান করে ছয় সদস্য বিশিষ্ট কেন্দ্রীয় পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি নিরাপত্তার মাধ্যমে প্রশ্নপত্র মুদ্রণ, উত্তরপত্র মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ, বাজেট প্রণয়ন, পরীক্ষা পরিচালনার নীতিমালা প্রণয়ন ও পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ সম্পর্কিত দায়িত্ব পালন করবে।

উত্তরপত্র মূল্যায়নের জন্য উত্তরপত্রসমূহে কোড নম্বর প্রদান করা হবে। কোড সংবলিত উত্তরপত্রসমূহের লিখিত অংশ অভিজ্ঞ ও দক্ষ শিক্ষকমন্ডলী দ্বারা মূল্যায়ন করে কম্পিউটারের মাধ্যমে ফলাফল প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষায় কেবলমাত্র যে সকল প্রার্থী ন্যূনতম ৬০ নম্বর পাবেন কেবল তাদেরকেই ২৫ নম্বরের মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বরের ভিত্তিতে নিয়োগ বিধির কোটা অনুসরণ করে ফলাফল প্রস্তুত করা হবে।

উল্লেখ্য মোট শূন্য পদের ৬০ ভাগ মহিলাদের জন্য সংরক্ষিত।